আলমডাঙ্গায় ২’শ গ্রাম গাঁজাসহ মাদক ব্যবসায়ী আটক

আলমডাঙ্গার পাইকপাড়া ক্যাম্প পুলিশের অভিযানে ২’শ গ্রাম গাঁজাসহ ডাবলু হক নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে।

আজ রবিবার সকালে উপজেলার চর-শ্রীরামপুর গ্রামে এ অভিযান চালিয়ে তাকে আটক করা হয়।

আটক ডাবলু হক (৪৪) উপজেলার কালিদাসপুর ইউনিয়নের চর-শ্রীরামপুর গ্রামের মৃত মোশারফ মন্ডলের ছেলে।

পুলিশ জানান, গতকাল রবিবার সকালে গোপন সংবাদ আসে চর-শ্রীরামপুর এলাকায় মাদক দ্রব্য গাঁজা বিক্রির জন্য একজন অবস্থান করছে। এমন সংবাদের ভিত্তিতে পাইকপাড়া ক্যাম্প পুলিশ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন। এসময় সন্দেহজনক ভাবে ডাবলু হককে আটক করে পুলিশ। তাঁর স্বীকারোক্তিতে কাছে থাকা ২’শ গ্রাম গাঁজা উদ্ধার করে পুলিশ।

এঘটনায় আলমডাঙ্গা থানা পুলিশের পরিদর্শক (ওসি) শেখ গণি মিয়া জানান, একজনকে ২’শ গ্রাম গাঁজাসহ আটক করা হয়েছে। তাঁর বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা রুজু করা হয়েছে।

আলমডাঙ্গা ব্যাংকে টাকা তুলে গণনা, হাতিয়ে নিলো প্রতারক চক্র

আলমডাঙ্গার ব্যাংক থেকে টাকা তুলে গোনার সময় আলো মতি নামের এক মহিলার কাছ থেকে প্রতারণা করে টাকা হাতিয়ে নিয়েছে মহিলার চক্রের সদস্যরা।

আজ রবিবার দুপুরে আলমডাঙ্গার সোনালী ব্যাংকে এ ঘটনা ঘটে। ঘটনাটি জানতে পেরে ব্যাংক কর্তৃপক্ষ কলাপসিবল গেট বন্ধ করে টাকা উদ্ধারের চেষ্টা চালালেও চক্রের সন্ধান করতে পারেননি । এ ঘটনায় ওই মহিলা থানায় জিডি করেছেন।

জানা গেছে,আলমডাঙ্গার হারদী ইউনিয়নের প্রাগপুর গ্রামের তারিক আজিজের স্ত্রী আলো মতি গতকাল রোববার সকাল ১০ টার দিকে আলমডাঙ্গার সোনালী ব্যাংকে আসেন টাকা উত্তোলন করতে। তিনি ৩৫ হাজার টাকা কাউন্টার থেকে উত্তোলন করে পাশে দাঁড়িয়ে গণনা করছিলেন। উত্তোলিত টাকার মধ্যে কয়েকটি নোট ছেড়া দেখে তিনি ৩০ হাজার টাকা ব্যাগে রেখে ছেড়া নোট কাউন্টারে বদল করতে দেন। সুযোগ বুঝে পাশে থাকা কয়েক মহিলা চক্র ব্যাগ থেকে টাকা বের করে নিয়ে সটকে পড়ে। ছেড়া টাকা বদল করে আলো মতি দেখেন তার ব্যাগে টাকা নাই।

এ সময় তিনি কান্নাকাটি শুরু করলে ব্যাংক কর্তৃপক্ষ কলাপসিবল গেট বন্ধ করে দেন। টাকা উদ্ধারের চেষ্টা করলেও চক্রের সদস্যদের শনাক্ত করা সম্ভব হয়নি।

পরে ওই মহিলা তার স্বজনদের নিয়ে আলমডাঙ্গা থানায় জিডি করেন।

উৎপাদনশীলতায় রাষ্ট্রায়ত্ত শিল্প অ্যাওয়ার্ড পেলেন দর্শনা কেরু চিনিকলের এমডি মোশারফ হোসেন

দেশের ঐতিহ্যবাহি ও দেশের সর্ববৃহৎ দর্শনা কেরু চিনিকল। এ চিনিকলে ২০২২-২৩ অর্থবছরে রাষ্ট্রায়ত্ত শিল্প ক্যাটাগরিতে উৎপাদনশীলতা বৃদ্ধি ও উৎকর্ষতা অর্জনে ন্যাশনাল প্রডাক্টিভিটি অ্যান্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড-২০২২ অর্জন করেছে কেরু’জ ব্যাবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারফ হোসেন।

গতকাল শনিবার (৮জুন) দুপুরে ঢাকা ফরেন সার্ভিস অ্যাকাডেমি হল রুমে এ অ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উৎপাদনশীলতায় রাষ্ট্রায়ত্ত শিল্প ক্যাটাগরির অ্যাওয়ার্ড পুরুস্কারে ভূষিত হন দর্শনা কেরু চিনিকলের ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারফ হোসেন (এফসিএ-এর)।

চিনিকলকে আধুনিক করন ও কেরু এন্ড কোম্পানির রূপকার অত্র প্রতিষ্ঠানকে জাতীয় পর্যায়ে উন্নীত করার প্রধান সমন্বয়ক হিসাবে তার অ্যাওয়ার্ড প্রদান করেন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে উৎপাদনশীলতায় রাষ্ট্রায়ত্ত শিল্প ক্যাটাগরির অ্যাওয়ার্ড তুলে দেন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিল্পমন্ত্রী নুরুল মজিদ মোহাম্মদ হুমায়ুন।

এ সময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, শিল্প মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জাকিয়া সুলতানাসহ শিল্পমন্ত্রণালয় ও চিনি করপোরেশনের উর্দ্ধতন কর্মকর্তারা।

কেরু চিনিকলের মহা ব্যবস্থাপক (প্রশাসন) মো: ইউসুপ আলি জানান, দর্শনা কেরু অ্যান্ড কোম্পানি ছয়টি ইউনিট নিয়ে সুনামের সাথে কাজ করে যাচ্ছে। এর মধ্যে পাঁচটি ইউনিটেই লাভ করা সম্ভব হয়েছে। ফলে সামগ্রিকভাবে কেরু চিনিকলের সকল শ্রমিক কর্মকর্তা-কর্মচারিদের প্রচেষ্টায় মিলটি লাভজনক অবস্থায় আছে।

কেরু’র ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারেফ হোসেন বলেন, এ অ্যাওয়ার্ড আপনারা আপনাদের সহযোগীতা করেছেন বলে প্রতিষ্ঠান আজ সব সেক্টরে লাভ করেছে। আগামীতে আপনারা পাশে থাকলে কেরু এ্যান্ড কোম্পানি সব সেক্টর ঘুরে দাড়াবে বলে আশা করছি। আপনারা আমার পাশে থেকে সহযোগিতা করলে চিনিকলটি হারানো ঐতিহ্য ফিরে পাবে।

দামুড়হুদায় ভূমিসেবা সপ্তাহের

উদ্বোধন

স্মার্ট ভূমিসেবা, স্মার্ট নাগরিক” প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে দামুড়হুদায় ভূমিসেবা সপ্তাহের উদ্বোধন করা হয়েছে। কোন নগদ লেনদেন ছাড়াই সম্পূর্ণ অনলাইন ভিত্তিক সেবা নিশ্চিতে ৮ জুন থেকে ভূমিসেবা সপ্তাহ ১৪ জুন পর্যন্ত চলবে।

এ উপলক্ষে র্যালি ও জনসচেতনতামূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। দিবসটি উপলক্ষে আজ শনিবার সকাল ১০টার দিকে ভূমি অফিস চত্বর থেকে র্যালি বের করা হয়। র্যালিটি উপজেলা চৌরাস্তার মোড় ঘুরে একই স্থানে এসে শেষ হয়।

র্যালি শেষে ভূমি অফিস চত্বরে চুয়াডাঙ্গা জেলা স্থানীয় সরকারের উপ-পরিচালক শারমিন আক্তার প্রধান অতিথী হিসাবে উপস্থিত থেকে ফিতা কেটে সেবা সপ্তাহের উদ্বোধন করেন।

পরে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথী ছিলেন, স্থানীয় সরকারের উপ-পরিচালক শারমিন আক্তার। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হযরত আলি, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী, কার্পাসডাঙ্গা ইউনিয়ন ভূমি অফিসার মহাতাব উদ্দীন ও দামুড়হুদা সদর ইউনিয়ন ভূমি অফিসার পান্না মিয়া।এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা ভূমি অফিসের নাজির মহিদুল ইসলাম, ছাব্বির হোসেন, সদর ইউনিয়ন ভূমি অফিসের অফিস সহায়ক মতিউল হক, আবুল হাসেম,হাউলি ইউনিয়ন ভূমি অফিসার রকিবুল ইসলামসহ উপজেলার সকল ইউনিয়ন ভূমি অফিসের কর্মকর্তা কর্মচারী,বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষাথী ও গন্যমান্য ব্যক্তিবর্গ।

ভূমিসেবা সপ্তাহ উপলক্ষে প্রতিদিন সকাল ৯ টা থেকে বিকেল ৪টা পর্যন্ত সর্বস্তরের ভূমি সেবা প্রত্যাশিরা অনলাইনের মাধ্যমে ভূমি উন্নয়ন কর, ই-নামজারি, খতিয়ান, জমির ম্যাপ, জলমহলের আবেদন, ভূমি বিষয়ক অভিযোগসহ সকল ধরনের সেবা গ্রহণ করতে পারবেন।এসময় অনুষানের সভাপতি উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা বলেন, সকরকারের ডিজিটালাইজেশনের অন্যতম সেবা হচ্ছে ভূমি সেবা ডিজিটালাইজেশন। এর ফলে কোন নগদ লেন-দেন ছাড়াই ভূমিসেবা গ্রহীতারা কোন সময় ক্ষেপন ছাড়া ও হয়রানি মুক্ত ভাবে ইউনিয়ন ভূমি অফিস থেকে স্ব”ছন্দে সেবা

নিতে পারছেন। আমরা আশা করছি সময়ের ব্যবধানে স্ব-শরীরে উপস্থিত না হয়েও অনলাইনের মাধ্যমে সরকারি যে কোন সেবা গ্রহণ করতে পারবেন। এতে করে সময় সাশ্রয়সহ সাধারণ নাগরিকদের অর্থ ব্যয়ও অনেক কমে আসবে।

চুয়াডাঙ্গায় ভূমি সেবা সপ্তাহের উদ্বোধন

চুয়াডাঙ্গায় ৭দিন ব্যাপী ‘ভূমি সেবা সপ্তাহ-২০২৪ উদ্বোধন করা হয়েছে। আজ শনিবার সকাল ১০টায় সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়ে ডিসি সাহিত্য মঞ্চে ফিতা কেটে ও বেলুন উড়িয়ে ভূমি সেবা সপ্তাহের প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা উদ্বোধন করেন ।

এবারের প্রতিপাদ্য বিষয় ছিলো ‘ স্মার্ট ভূমিসেবা, স্মার্ট নাগরিক’ উদ্বোধকালে চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব) মিজানুর রহমানের সভাপতিত্বে সচেতনামূলক সভায় অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) (পুলিশ সুপার পদে পদোন্নতি প্রাপ্ত) রিয়াজুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) নাজমুল হামিদ রেজা, অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি) কবীর হোসেন, চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস্) নাজিম উদ্দীন আল আজাদ পিপিএম সেবা, অতিরিক্ত পুলিশ সুপার(সদর সার্কেল) আনিসুজ্জামান, চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার ফাতেমা তুজ জোহরা, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সেক্রেটারি বিপুল আশরাফ, প্রথম আলো জেলা প্রতিনিধি শাহ্ আলম সনি উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আব্দুর রহমানের উপস্থাপনায় আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে জেলা ড. কিসিঞ্জার চাকমা বলেন, ডিজিটাল বাংলাদেশ সেদিন হলো, যেদিন থেকেই ভূমি ব্যবস্থাপনা শুরু হলো। জমির মালিকরা ঘরে বসেই আবেদন করেই সব কাজ করতে পারবেন। ভূমি ব্যবস্থাপনা ওইভাবে ছিলোনা। কালক্রমে ১৮৭৫ সালে সার্ভে এ্যাক্ট

চালু হয়। ভূমির খাজনা নিতে দাখিলা লাগবে না। রেজিস্ট্রেশন করলে নিজেরা ঘরে বসেই খাজনা দিতে পারবেন। মিউটেশন করতে পারবেন। ইউনিয়ন ডিজিটাল সেন্টারে গেলেও সেবা পাবেন। সেবা সহজীকরণ করে মানুষের দৌরগোড়ায় পৌঁছে দিতে এটাই আশা করবো।

সারাদেশে অনলাইন ভিত্তিক ভূমি উন্নয়ন কর পরিশোধ সংক্রান্ত ডাটা এন্ট্রি কার্যক্রম চলমান। সকল ভূমি মালিকগণকে তাদের মোবাইল নম্বর, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, পাসপোর্ট সাইজের ১ কপি ছবি, নামজারি খতিয়ানের ফটোকপি/সর্বশেষ খতিয়ানের ফটোকপি, সর্বশেষ ভূমি উন্নয়ন কর পরিশোধের দাখিলার কপি। সংশ্লিষ্ট ডিজিটাল সেন্টারে যোগাযোগ করে ভূমির মালিকানা সংক্রান্ত তথ্য অনলাইনে এন্ট্রি দেওয়া নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়েছে অথবা নিজ নিজ ইউনিয়ন/ পৌর ভূমি অফিসে জমা দেওয়ার জন্য অনুরোধ করা হয়েছে। ভূমি উন্নয়ন কর (খাজনা) দাবি একবার নির্ধারণ হলে সংশোধন করা সম্ভব হবে না। এসময় প্রধান অতিথিসহ অন্যান্য আমন্ত্রিত অতিথিবৃন্দ বিভিন্ন স্টল ঘুরে দেখেন এবং আগত সেবা প্রত্যাশীদের সাথে কথা বলেন।ভূমি সংক্রান্ত যেকোনো তথ্য-পরামর্শ এবং সেবা নিতে ডিসি সাহিত্য মঞ্চের স্টলে সেবা প্রত্যাশীদের যোগাযোগ করার জন্য অনুরোধ জানানো জানান তারা।

ভূমি সেবা সপ্তাহ উপলক্ষে চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের আয়োজনে ডিসি সাহিত্য মঞ্চে বির্তক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। বিতর্ক প্রতিযোগিতায় চুয়াডাঙ্গা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ও ভিক্টোরিয়া জুবিলী সরকারি উচ্চ বিদ্যালয় অংশগ্রহণ করে। বিতর্ক প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে ভিক্টোরিয়া জুবিলী সরকারি উচ্চ বিদ্যালয় দল।

দামুড়হুদায় প্রতিবন্ধীকে হুইল চেয়ার দিলেন অবসরপ্রাপ্ত সেনা

সদস্যরা

দামুড়হুদা উপজেলা অবসরপ্রাপ্ত সেনা সদস্যদের কমিটির পক্ষ থেকে এক প্রতিবন্ধীকে হুইল চেয়ার প্রদান করলেন। প্রতিবন্ধী ফজলুর রহমান
(৫০) কেশবপুর গ্রামের মৃত জাবেদ মল্লিকের ছেলে। আজ শনিবার সকাল দশটার দিকে তাদের বাড়িতে এই হুইল চেয়ার প্রদান করা হয়।

জানাযায়, দামুড়হুদা উপজেলার কেশবপুর গ্রামের মৃত জাবেদ আলী ছেলে ফজলুর রহমান দীর্ঘদিন ধরে প্রতিবন্ধী থাকায় চলাফেরা করার খুব অসুবিধা হয় এমন সংবাদ পেয়ে দামুড়হুদা উপজেলা অবসরপ্রাপ্ত সেনা সদস্যরা একটা কমিটির মাধ্যমে একটি হুইলচেয়ার প্রদান করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা অবসরপ্রাপ্ত সেনাসদস্য মিনহাজ উদ্দিন, অবসরপ্রাপ্ত সেনা সদস্য আব্দুর রহমান, দুই নং ওয়ার্ডের সদস্য শামসুল আলম এছাড়াও উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার পুলিশ সহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ।

ফজলুর রহমান বলেন, আমি হেঁটে চলাফেরা করতে পারি না। এখন হুইল চেয়ারটা পেয়ে আমি চলাফেরা করতে পারব। যারা আমাকে এই হুইল চেয়ার দিয়েছেন তাদের সর্বাঙ্গীন দোয়া কামনা করি এবং এই হুইল চেয়ারটা পেয়ে আমি খুব খুশি হয়েছি।

চুয়াডাঙ্গায় সদর উপজেলার নব-নির্বাচিত চেয়ারম্যানকে সংবর্ধনা

চুয়াডাঙ্গা সদর উপজেলা নবনির্বাচিত চেয়ারম্যান নঈম হাসান জোয়ার্দারকে সংবর্ধনা দিয়েছেন চুয়াডাঙ্গা চেম্বার অব কর্মাস। আজ শনিবার বেলা ১২ টায় চুয়াডাঙ্গা চেম্বার অব কর্মাসের কমিউনিটি সেন্টারের এই অনুষ্ঠান উপলক্ষে আলোচনা সভা করা হয়।

সভায় সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা চেম্বার অব কর্মাসের সভাপতি

ইয়াকুব হোসেন মালিক। এসময় অনুষ্ঠানটি আয়োজন করেন চুয়াডাঙ্গা চেম্বার অব কর্মাস অ্যান্ড ইন্ডাস্ট্রি।

অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলোওয়াত করেন চুয়াডাঙ্গা চেম্বার অব কর্মাসের পরিচালক হারুনর-রশিদ। এরপর চেম্বার অব কর্মাসের সকল পরিচালকরা নবনির্বাচিত চেয়ারম্যান নঈম হাসান জোয়ার্দারকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান।

শুরুতে স্বাগত বক্তব্য রাখেন চেম্বার অব কর্মাসের পরিচালক নাসির আহাদ জোয়ার্দার। অনুষ্ঠানে নবনির্বাচিত চেয়ারম্যান নঈম হাসান জোয়ার্দারকে তার নির্বাচনি প্রতিক ঘোড়া তার হাতে তুলে দেন অনুষ্ঠানে সভাপতি ইয়াকুব হোসেন মালিক।

এরপর অনুষ্ঠানের প্রধান অতিথি চুয়াডাঙ্গা সদর উপজেলা নবনির্বাচিত চেয়ারম্যান নঈম হাসান জোয়ার্দার বলেন, জনগণের সেবা করাটা আমাদের উত্তম। তাই আগামীদিনের মানুষের প্রত্যাশা নিয়ে কাজ করতে চাই। সবার সহযোগীতা নিয়ে চুয়াডাঙ্গা সদর উপজেলা সকল শ্রেণি পেশার মানুষের পাশে দাঁড়াতে চাই। সকল প্রতিবন্ধকতা পিছনে রেখে চুয়াডাঙ্গা জেলার উন্নয়ন করতে চাই। সবাই এক সাথে পথ চলে আগামী দিনের কর্মপরিকল্পনা বাস্তবায়ন করতে চাই। আর আমার এই সংবর্ধনা দেয়ার জন্য চুয়াডাঙ্গা চেম্বার অব কর্মাসের সকল পরিচালক ও কর্তৃপক্ষকে জানায় ধন্যবাদ।

এসময় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, দৈনিক পশ্চিমাঞ্চলে সম্পাদক ও প্রকাশক আজাদ মালিতা, চুয়াডাঙ্গা জেলা প্রেস ক্লাবের সভাপতি অ্যাড. মানিক আকবর, চুয়াডাঙ্গা প্রেস ক্লাবের সভাপতি রাজিব হাসান কচি, দৈনিক সময়ের সমীকরণের প্রধান সম্পাদক নাজমুল হক স্বপন, দৈনিক আকাশ খবরের সম্পাদক জান্নাতুল আওলিয়া নিশি, প্রমুখ।

এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা চেম্বার অব কর্মাসের সিনিয়র সহ-সভাপতি শাহরিন হক মালিক, সহ-সভাপতি মঞ্জুরুল আলম মালিক লার্জ, পরিচালক সালাউদ্দিন মোহাম্মদ মর্তুজা, সালাউদ্দিন মিঠু, তাজুল ইসলাম, এস এম তসলিম আরিফ বাবু, কিশোর কুমার কুন্ডু, কামরুজ্জামান হিরা, প্রমুখ।

চুয়াডাঙ্গায় আন্তজেলা অজ্ঞান পার্টির সক্রিয় ৬ সদস্য আটক

চুয়াডাঙ্গার বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে আন্তজেলা অজ্ঞান পার্টির সক্রিয় ৬ সদস্যকে আটক করতে সক্ষম হয়েছে পুলিশ। এসময় পুলিশ তাদের কাছ থেকে চেতনা নাশক ঔষধ উদ্ধার করেছে।

আটককৃত আন্ত জেলা অজ্ঞান পার্টির ৬ হলো; জেলার জীবননগরের সন্তোষপুর গ্রামের মৃত: ইসমাইলের ছেলে ইব্রাহিম ওরফে ইব্রা (৫০), একই উপজেলার মৃগমারী গ্রামের নওশাদ মন্ডলের ছেলে আব্দুর রাজ্জাক (৪৭), দামুড়হুদা উপজেলার ঈশ্বরচন্দ্রপুর গ্রামের মৃত: রইচ উদ্দিনের ছেলে সালামত (৫৫), বড় দুধ পাতিলা গ্রামের মৃত: গোলাপ মন্ডলের ছেলে হাসেম আলী (৪৮), চুয়াডাঙ্গা সদর উপজেলার বোয়ালমারি গ্রামের বিল্লাল হোসেনের ছেলে শাহাবুদ্দিন ওরফে সুখচান (৩০) ও বাগেরহাট জেলার শরনখোলা উপজেলার রাজাপুর গ্রামের মৃত: কাশেম মাঝির ছেলে বাচ্চু মাঝি। তাদের দখল থেকে উদ্ধার হয়েছে চেতনাশক ওষুধ সামগ্রী।

এ বিষয়ে আজ শনিবার দুপুরে চুয়াডাঙ্গা পুলিশ সুপার কার্যালয়ে এক প্রেস ব্রিফিং আয়োজন করেন পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান।

প্রেস ব্রিফিং এ জেলা পুলিশের পক্ষে অতিরিক্ত পুলিশ সুপার নাজিম উদ্দিন (ক্রাইম এন্ড অপস) লিখিত বক্তব্যে জানান, চুয়াডাঙ্গা জেলায় রয়েছে ঐতিহ্যবাহী দ◌ামুড়হুদার ডুগডুগি, জীবননগরের শিয়ালমারি পশু হাট সহ মোট ১১টি পশুর হাট। কোরবানির ঈদকে সামনে রেখে জেলার দামুড়হুদা উপজেলার ডুগডুগি, জীবননগরের শিয়ালমারি, আলমডাঙ্গার মুন্সিগঞ্জ, সদরের সরোজগঞ্জ পশুর হাট গুলো জমজমাট হয়ে ওঠে। পশু হাট গুলো শুরু হওয়ার সাথে সাথেই প্রায় প্রতি বছরই অজ্ঞান পার্টি ও মলম পার্টি প্রতারণা সহ বিভিন্ন ধরনের অপরাধমূলক কার্যক্রম দৌরাত্ম বেড়ে যায়।

এছাড়াও পরিবহনগুলোতেও বাসের যাত্রীবেশী অজ্ঞান পার্টির সদস্যরা টার্গেট করে সাধারণ যাত্রীদের অজ্ঞান করে তাদের কাছ থেকে নগদ টাকাসহ মূল্যবান সামগ্রী ছিনিয়ে নেওয়ার সংবাদও কম নয়।

জেলায় এসব পশুহাটে ও হাটে আসার পথে গত ১৬ই মে ফরিদপুরের ইউনুস শেখ জীবননগরের শিয়ালমারি হাটে, ২৩ শে মে জীবননগর কালীগঞ্জ সড়কের পশু হাসপাতালের সামনে সানোয়ার হোসেন (৪৫), ৩০ শে মে আলমডাঙ্গা শমসের আলী শিয়ালমারি হাটে অজ্ঞান পার্টির খপ্পরে পড়ে। সর্বশেষ অজ্ঞান পার্টির সদস্যরা ৩ জুন দামুড়হুদার ডুগডুগির হাটে নোয়াখালীর জসিম উদ্দিনকে টার্গেট করে চেতনা নাশক পুষ করে সর্বস্ব ছিনিয়ে নেওয়ার চেষ্টায় হাতে নাতে বাগেরহাটের বাচ্চু মাঝি নামের একজন গ্রেপ্তার হয়। এই ঘটনায় চুয়াডাঙ্গার দামুড়হুদা থানার মামলা দায়ের করা হয়। মামলা নম্বর ০৪ তারিখ ০৩/০৬/২০২৪।

এসব ঘটনার পর চুয়াডাঙ্গা সদর থানা, জীবননগর থানা, দর্শনা থানা ও দামুড়হুদা থানা সহ চুয়াডাঙ্গা জেলা পুলিশের একাধিক টিম অভিযান পরিচালনা করতে থাকে এবং তাদেরকে হাতেনাতে গ্রেফতার এর উদ্দেশ্যে কৌশলে ফাঁদ পাতা হয়। এই ফাঁদে আটকা পড়ে অজ্ঞান পার্টির সক্রিয় সদস্য জেলার জীবননগরের সন্তোষপুর গ্রামে ইব্রাহিম ওরফে ইব্রা, আব্দুর রাজ্জাক, সালামত, শাহাবুদ্দিন ওরফে সুখচান, বাচ্চু মাঝি ও হাসেম আলী। আটকের সময় তাদের দখল থেকে উদ্ধার হয় চেতনাশক ওষুধ সামগ্রী।

এখন পর্যন্ত চুয়াডাঙ্গা জেলা পুলিশ এই আন্ত:জেলা অজ্ঞান পার্টি চক্রের ৬ সদস্যকে গ্রেপ্তার করতে সক্ষম হয়েছে। এটা একটা সংঘবদ্ধ চক্র। গ্রেপ্তারকৃত আসামিদের বিরুদ্ধে টার্গেট ভিকটিম কে চেতনা নাশক প্রয়োগ করে সর্বস্ব ছিনিয়ে নেওয়ার অভিযোগে একাধিক মামলা রয়েছে। তদন্তকালে আমরা এই চক্রের বেশ কিছু নাম পেয়েছি তাদের চলমান কার্যক্রম মনিটর করা হচ্ছে। এই চক্রের সকল সদস্যকে আইনের আওতায় আনার জন্য সুষ্ঠ তদন্ত এবং গ্রেপ্তার অভিযান চলবে। জনগণের জান-মাল রক্ষায় চুয়াডাঙ্গা জেলা পুলিশ সর্বদা আপনাদের পাশে রয়েছে।

কার্পাসডাঙ্গা নতুন ঈদগাহ”র

কমিটি গঠন ও ভিত্তিপ্রস্তর স্থাপন

চুয়াডাঙ্গা দামুড়হুদা উপজেলার ঐতিহ্যবাহী কার্পাসডাঙ্গা গ্রামের নতুন ঈদগাহ”র কমিটি গঠন করা হয়েছে।

গতকাল শুক্রবার আছরের নামাজের পর নতুন ঈদগাহ মাঠে ঈদগাহের জমিদাতা সৈয়দ আলীর সভাপতিত্বে সাধারণ সভায় সর্বসম্মতিক্রমে সৈয়দ আলীকে সভাপতি আতিয়ার রহমানকে সাধারণ সম্পাদক এবং আশরাফুজ্জামান ঝিলনকে ক্যাশিয়ার মনোনীত করা হয়।

অনুষ্ঠানের শুরুতেই পবিত্র কোরআান তেলাওয়াত করেন হাফেজ মেহেদি হাসান। আলোচনা সভায় আ:হাকিম মেম্বর (সাবেক)তিনজনের নাম প্রস্তাব করলে সকলে হাত তুলে সমর্থন দেন।

আলোচনা সভায় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন অবঃ শিক্ষক গোলাম ইউসুফ, সাবেক ইউপি মেম্বর মুজতবা আলী বকুল, আব্দুল হাকিম, শিক্ষক বিল্লাল হোসেন, জহিরুল ইসলাম, সামসুল হক, ইব্রাহিম খলিল, আঃ হাকিম, জসীম, হারুন, জাসহ সকল স্তরের সুধীমহল।

সঞ্চালনায় ছিলেন আতিয়ার রহমান। আলোচনা সভা শেষে ঈদগাহ ময়দানের মিনার নির্মানের ভিত্তি স্থাপন করা হয়।

আলমডাঙ্গায় বিদ্যুৎস্পৃষ্টে যুবকের মৃ*ত্যু

চুয়াডাঙ্গার আলমডাঙ্গায় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মো. রাজু আহমেদ (২৫) নামে এক যুবকের মৃত্যু হয়েছে ।

গতকাল শুক্রবার সকাল ৯ টার দিকে উপজেলার কালিদাসপুর ইউনিয়নের পাইকপাড়া চর-পাড়া গ্রামে এ ঘটনা ঘটে।

নিহত রাজু আহমেদ ওই এলাকার ওয়ার্ড আওয়ামীলিগের সভাপতি সাদ আহমেদের ছেলে। সে উদ্যেক্তা হিসেবে এবছর নিজেই মুরগির খামার নির্মাণ করেন।

পরিবার সূত্রে জানাগেছে, শুক্রবার সকালে নিহত রাজু বাড়ির পাশে মুরগি খামারে ফ্যান দিতে যায়। এসময় খামারে থাকা একটি স্ট্যান্ড ফ্যানের বডিতে বিদ্যুৎ ছড়িয়ে পড়ে। রাজু অসাবধানতাবসত ওই ফ্যানে হাত দিলে ঘটনাস্থলেই গুরুত¦র আহত হয়। পরিবারের সদস্যরা তাৎক্ষণিক তাকে উদ্ধার করে হারদি হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

আলমডাঙ্গা থানার ওসি মো. শেখ গণি জানান, নিহতের ম্বজনদের আবেদনের প্রেক্ষিতে হাসপাতালে নিহতের মরদেহের সুরতহাল শেষে মরদেহ পরিবারের কাছে হস্তান্তরে আইনি প্রক্রিয়া চলছে। এ ঘটনায় থানায় ইউডি মামলা রুজু হবে।